শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০ ।

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩২.১৮-২৬২ তারিখ ঃ- ১০.০৭.২০১৮ খ্রিঃ।

বিষয় ঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে গোয়ালী আলিম মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, মোঃ মাহতাব হোসেনকে পূর্ণ বেতন ভাতাদি(এমপিও) প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ (১) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ মাহতাব হোসেন এর ০১.০৭.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০৪.০০১.১৭-৮৬, তারিখ: ১২.১১.১৭ খ্রিঃ।
(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪, তারিখ: ২৬.০৯.১৭ খ্রিঃ।
(৪) জেলা শিক্ষা অফিসারের কার্যালয়,নওগাঁর স্মারক নং-জেশিঅ/নওগাঁ/২০১৮/৩০২, তারিখ ঃ ০৫-০৩-২০১৮ খ্রিঃ ।
(৫) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩২.১৮-১৭৯, তারিখ ঃ ২১-০৫-২০১৮ খ্রিঃ ।
(৬) জেলা শিক্ষা অফিসারের কার্যালয়,নওগাঁর স্মারক নং- ৩৭.০২.৬৪০০.০০০.১৩.০২৩.১৮-৪১৯, তারিখ ঃ ০২-০৭-২০১৮ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার নওগাঁ সদর উপজেলাধীন গোয়ালী আলিম মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ,মোঃ মাহতাব হোসেনকে ১৫-১১-২০১৪ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরুপ নির্দেশনা দেয়া হয়েছে "Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60(sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60(sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/letter ends up in a final order."

০৩. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে সূত্রে বর্ণিত স্মারক নং ০২ ও ০৩ অনুযায়ী বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মচারীকে ৬০(ষাট) দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন (এমপিও) ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।

০৪. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ মাহতাব হোসেন কর্তৃক উপস্হাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে অধ্যক্ষ, (মোঃ মাহতাব হোসেন) ১৫-১১-২০১৪ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশী হয়েছে বিধায় অধ্যক্ষ হিসেবে জনাব মোঃ মাহতাব হোসেন তাঁর পদের পূর্ণ বেতন-ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৫. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ মাহতাব হোসেন কর্তৃক উপস্হাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে,তাঁকে (মোঃ মাহতাব হোসেন) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে তাঁকে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান করা হচ্ছে না ।

০৬. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ মাহতাব হোসেনকে পূর্ণ বেতন-ভাতাদি (এমপিও) প্রদান না করা মহামান্য হাইকোর্টের নির্দেশনার সুস্পষ্ট লংঘন ।

০৭. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে গোয়ালী আলিম মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ মাহতাব হোসেনকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক তাঁর পূর্ণাঙ্গ বেতন-ভাতাদি(এমপিও) প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় কার্যকরি ব্যবস্থা গ্রহণক্রমে এ অধিদপ্তরকে অবহিতির জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছিল । ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা নেয়া হবে মর্মে সূত্রে বর্ণিত ০৫ নং স্মারকের মাধ্যমে সর্বশেষ অনুরোধ পত্র প্রেরণ করা হয়েছে, কিন্তু নির্ধারিত সময়ের পর প্রায় ৪৮ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও আজোবধি এ বিষয়ে বাস্তবায়ন প্রতিবেদন পাওয়া যায় নি, যা সুস্পষ্ট ভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের সরকারী নির্দেশনা অমান্যের শামিল বিধায় এহেন আচরণের কারণে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ,কলেজ মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহ) এর শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশকা এর ১৮ অনুচ্ছেদ অনুযায়ী কেন এমপিও প্রদান বন্ধ করার পদক্ষেপ গ্রহণ করা হবে না এ মর্মে ২৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে কারণ ব্যাখ্যার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। ব্যর্থতায় এমপিও বন্ধসহ অন্যান্য আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে ।

10.07.18

(মোহাম্মদ শামসুজ্জামান)
উপ-পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ফোন নং-৪১০৩০১৬৪

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
গোয়ালী আলিম মাদরাসা
উপজেলাঃ- নওগাঁ সদর, জেলাঃ- নওগাঁ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ
১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা),সচিবালয় লিংক রোড,ঢাকা।
২। জেলা প্রশাসক, নওগাঁ । (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলাঃ- নওগাঁ সদর, জেলাঃ- নওগাঁ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৪। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলাঃ- নওগাঁ সদর, জেলাঃ- নওগাঁ (আলোচ্য পত্রখানা উপরে বর্ণিত অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) উপর জারীক্রমে জারীর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।
৬। সভাপতি, গভর্ণিং বডি, গোয়ালী আলিম মাদরাসা, উপজেলাঃ- নওগাঁ সদর, জেলাঃ- নওগাঁ (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৭। ব্যবস্হাপক, সোনালী ব্যাংক, নওগাঁ শাখা, উপজেলাঃ- নওগাঁ সদর, জেলাঃ- নওগাঁ । ।
৮। জনাব মোঃ মাহতাব হোসেন, অধ্যক্ষ, সাময়িক বরখাস্তকৃত, গোয়ালী আলিম মাদরাসা , উপজেলাঃ- নওগাঁ সদর, জেলাঃ- নওগাঁ ।
৯। অফিস কপি ।

E:\মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মতামত\Online MPO আইনগত মতামত পত্র ফাইল\রাজশাহী\পুকুরপাড় এস এন্ড বি ফাযিল (ডিগ্রী) মাদরাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ.docx